

Times Today BD

বরিশাল | 19 April, 2025

পটুয়াখালীর বাউফলে ইয়াবাসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে বাউফল থানা পুলিশ। শনিবার (১৯ এপ্রিল) রাত ৩ টার দিকে উপজেলার আদাবাড়িয়া ইউনিয়নের লিটন খন্দকারের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানিয়েছে গ্রেফতারকৃত লিটন খন্দকার এলাকায় চিহ্নিত মাদক কারবারি এবং তাঁর বিরুদ্ধে ১৭টি মাদক মামলা রয়েছে।

জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে শনিবার রাতে পুলিশের একটি টিম লিটন খন্দকারের বাড়িতে অভিযান চালায়। সে সময় তার নিকট থেকে শে পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ ব্যাপারে বাউফল থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

বাউফল থানার পরিদর্শক মো. আতিকুল ইসলাম বলেন, লিটন খন্দকার একজন পেশাদার মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে মাদকের ১৭টি মামলা রয়েছে।

ইয়াবা গ্রেপ্তার মাদক ব্যবসায়ী পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/barishal/1065840783>